



ইসলামিক ফাউন্ডেশন  
বায়তুল মোকাররম, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

# ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে মাসব্যাপী ইসলামী বইমেলা শুরু

ঢাকা, ১৩ ডিসেম্বর ২০১৫, রবিবার ৷

ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আজ (১৩ ডিসেম্বর) থেকে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের দক্ষিণ চত্বরে মাসব্যাপি ইসলামী বইমেলা শুরু হয়েছে। আজ (১৩ ডিসেম্বর) বাদ আসর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মুহাম্মদ শহিদুজ্জামান মেলার উদ্বোধন করেন। মেলা উদ্বোধন শেষে তিনি মেলা প্রাঙ্গণ ঘুরে দেখেন। এ সময় ইসলামিক ফাউন্ডেশনের ভারপ্রাপ্ত মহাপরিচালক মোঃ অহিদুল ইসলাম, প্রকাশনা বিভাগের পরিচালক ড. মুহাম্মদ আবদুস সালাম, দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক এ. এ.এম সিরাজুল ইসলামসহ বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেলা প্রতিদিন সকাল ১০.০০ টা রাত ৮.০০টা পর্যন্ত জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে। এবারের মেলায় ৫৯টি স্টল অংশগ্রহণ করছে। মেলা আজ (১৩ ডিসেম্বর) থেকে শুরু হয়ে পুরো রবিউল আউয়াল মাস পর্যন্ত চলবে।

মেলায় পবিত্র কুরআনের অনুবাদ, তাফসীর, হাদিসগ্রন্থসহ ইসলামের বিভিন্ন বিষয়ের ওপর মৌলিক ও গবেষণামূলক গ্রন্থ স্থান পেয়েছে। মেলায় ইসলামিক ফাউন্ডেশনের স্টলে আকর্ষণীয় কমিশনে পবিত্র কুরআনের অনুবাদ, তাফসীর, হাদিস বিক্রি করা হবে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬